যুগান্তর

তারিখ 01 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

# অনার্স-মাস্টার্স কলেজ শিক্ষকদের এমপিও দাবি

যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্ত বেসরকারি কলেজে অন্যান্য শিক্ষকের মতো বৈধভাবে নিয়োগ পেয়েও অনার্স ও মাস্টার্স শ্রেণীর শিক্ষকরা বেতন-ভাতা পাচ্ছেন না। ফলে অনেকটাই অনাহারে অর্ধাহারে দিনাতিপাত করছেন তারা। এর নেতিবাচক প্রভাব পড়ছে কলেজ পর্যায়ের উচ্চ শিক্ষায়। এমতাবস্থায় ভুক্তভোগী শিক্ষকরা অনতিবিলম্বে অনার্স-মাস্টার্স কলেজের শিক্ষকদের এমপিভুক্তির দাবি জানিয়েছেন।

শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক পরিষদ আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সম্মেলনে শিক্ষক নেতারা বলেন, সরকারি সুবিধাবঞ্চিত এসব শিক্ষকের বেতন-ভাতা কলেজ কর্তৃপক্ষের হাতে ছেড়ে দেয়ায় কর্তৃপক্ষ তাদের বছরের পর বছর ধরে বেতনহীন, নামমাত্র বেতন ও আংশিক বেতনে খাটাচ্ছে। বৈধভাবে নিয়োগপ্রাপ্ত এসব শিক্ষককে ১৯৯৩ সাল থেকে এখন পর্যন্ত প্রচলিত জনবল কাঠামোয় অন্তর্ভুক্ত না করায় তাদের এমপিওভুক্ত করা হয়নি। এটি জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি কলেজ পর্যায়ে উচ্চ শিক্ষার মান উন্নয়নের প্রধান অন্তরায়।

সংগঠনের সভাপতি কাজী ফারুকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান আলোচক ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক কাজী কামরুজ্জামান।